মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
৫৮-৫৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

তারিখ : ৩০-০৫-২০২০

কোভিড-১৯ এর সংক্রমণ রোধকল্পে করণীয় নির্দেশনাবলী

করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ ও পরিস্থিতি উন্নয়নের লক্ষে সরকার ৩১ মে, ২০২০ হতে সকল অফিস খোলার প্রজ্ঞাপন জারি করেছে। সে আলোকে অত্র কোম্পানির প্রধান কার্যালয়,ঢাকা অফিস ও আঞ্চলিক অফিস সমুহসহ কোম্পানির সকল অফিস ৩১ মে,২০২০ হতে খোলা হবে। উল্লেখ্য যে, জরুরী পরিষেবার অংশ হিসেবে প্রধান স্থাপনা, ডিপো/বার্জ সমুহ পূর্বে থেকে খোলা ছিল। করোনা ভাইরাসের সংক্রমণ থেকে কোম্পানির সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের-কে নিরাপদ রাখার জন্য প্রশাসনিক মন্ত্রণালয় হতে জারীকৃত ১৩ দফা নির্দেশনার আলোকে নিম্নেবর্ণিত ২৩ দফা স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে:

(১) প্রতিটি অফিসকক্ষ, আঙ্গিনা জীবাণুমুক্তকরণ ।

(২) অফিসের প্রবেশপথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করানো হবে।

(৩) অফিস পরিবহন সমূহ অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে।যানবাহনের বসার সময় পারস্পরিক ন্যূনতম তিন ফুট দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক) অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।

(৪) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসেবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।

(৫) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বারবার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(৬) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।

(৭) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।

(৮) অফিসসমুহে কাজ করার সময় নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে।

(৯) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(১০) কর্মকর্তা-কর্মচারীদের করোনা(COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনা সহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধি মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে।

(১১) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষার নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।

(১২) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে যাওয়ার নির্দেশ দেয়া হবে।

(১৩) স্প্রে মেশিন দিয়ে অফিসের বারান্দা, টয়লেট এবং অফিস আঙ্গিনা কিছুক্ষণ পরপর জীবাণুনাশক দ্রবণ স্প্রে করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) অফিসের প্রধান গেইট, টয়লেট এবং অন্যান্য স্থানে সার্বক্ষণিকভাবে হ্যান্ড স্যানিটাইজার, সাবান এবং অন্যান্য জীবাণুনাশক দ্রবণ মজুদ রাখার ব্যবস্থা করতে হবে।

(১৫) অফিস ট্রান্সপোর্ট পুলের সকল গাড়ি জীবাণুনাশক দ্রবণ চাকার মধ্যে স্প্রে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১৬) কোম্পানির দাপ্তরিক কাজের জন্য সিদ্ধান্ত গ্রহণ কিংবা যোগাযোগের ক্ষেত্রে পারত পক্ষে ইন্টারকম ব্যবহার করতে হবে। জরুরী প্রয়োজনে অফিস কক্ষে আসতে হলে নিরাপদ সামাজিক দূরত্ব (৩ ফুট) বজায় রাখতে হবে এবং পরিপূর্ণ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। দাপ্তরিক কার্যাবলীসমূহ সম্পাদনের ক্ষেত্রে ই-নথি এবং ই-মেইলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

(১৭) কর্মকর্তা কিংবা শ্রমিক-কর্মচারী একসাথে কোন জায়গায় বসা কিংবা দাঁড়িয়ে থাকা থেকে বিরত থাকতে হবে।সম্ভাষণ বা অভিবাদন জানানোর সময় করমর্দন (handshake) কিংবা কোলাকুলি থেকে বিরত থাকতে হবে।

(১৮) সংক্রমণ প্রতিরোধে কল্পে কর্মকর্তা,কর্মচারী, ও শ্রমিকগণ-কে তাদের স্ব-স্ব স্থানে নামাজ আদায় করবেন।

(১৯) অফিস আঙ্গিনায় ধূমপান করা কিংবা বে-আইনি অন্য কিছু খাওয়া থেকে সম্পূর্ণরূপে বিরত থাকবেন।

(২০) অফিস ডিসপেনসারি কিংবা ডাক্তারের চেম্বারে গমনকালীন সময়ে পরিপূর্ণ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। কোন কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী কর্মকালীন সময়ে কিংবা বাসায় অবস্থানকালে অসুস্থতা বোধ করলে, ত্বরিৎ কোম্পানির চিকিৎসককে অবহিত করবেন এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।

(২১) জরুরি প্রয়োজন ছাড়া কোনো কর্মকর্তা কিংবা শ্রমিক কর্মচারী তার সংরক্ষিত স্থান কিংবা অফিস আঙ্গিনা ত্যাগ করে অফিসের বাইরে যাওয়া থেকে বিরত থাকবেন। জরুরি প্রয়োজনে যেতে হলে বিভাগীয় প্রধান কিংবা সেকশন প্রধানের অনুমতি গ্রহণ করবেন।

(২২) অফিসে দর্শনার্থীদের আগমন নিয়ন্ত্রণ করতে হবে। কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তার পূর্বানুমতি নিয়ে দাপ্তরিক কাজের সাথে সম্পর্কিত ষ্ট্যাক-হোল্ডারকে প্রবেশানুমতি দেয়া যেতে পারে। তবে তাদেরকে পরিপূর্ন স্বাস্থ্য-বিধি মেনে অফিস অভ্যন্তরে প্রবেশ করতে হবে। অন্যথায়, প্রবেশের অনুমতি প্রদান করা যাবেনা।

(২৩) জ্বর,সর্দি,কাঁশি কিংবা গলাব্যাথা দেখা দিলে আতংকিত না হয়ে মেডিকেল অফিসারসহ কোম্পানি কর্তৃপক্ষকে অবহিত করে তাৎক্ষনিক স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক চালুকৃত হট লাইন ৩৩৩ বা ১৬২৬৩ (corona.gov.bd) যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। জ্বর, সর্দি, কাঁশি হলে করোনা হয় বিষয়টি সঠিক নয়।

স্বাস্থ্য বিধি সমুহ কঠোরভাবে অনুসরণপূবক ধৈর্য্য ও দৃঢ মনোবল ধারণ করে কোম্পানির সকল কর্মকর্তা,কর্মচারীগণ-কে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।
করোনা ভাইরাস বিস্তার/সংক্রামন রোধকল্পে উপরোক্ত বিধি বিধান ব্যথিত কারো কোন তথ্য/ধারণা বা পরামর্শ জানা থাকলে নিম্নে স্বাক্ষরকারীর নিকট টেলিফোনে বা লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

আল্লাহ আমাদের সহায় হউন।

(মোঃ আকতার হোসেন)
জেনারেল ম্যানেজার (এইচ আর)

অনুলিপি : ব্যবস্থাপনা পরিচালক।
: সকল বিভাগীয় প্রধান।
: সকল কস্ট সেন্টার ম্যানেজার।
: সিনিয়র মেডিকেল অফিসার/মেডিকেল অফিসার।
: নোটিশ বোর্ড।